অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/14/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল এবং মেয়র অ্যাডামস একটি আরো অন্তর্ভুক্তিকর, সমৃদ্ধ "নতুন" নিউ ইয়র্ক গঠনে অগ্রগতি ঘোষণা করলেন

"নতুন" নিউ ইয়র্কের বর্ষপূর্তিতে, গভর্নর হোকল এবং মেয়র অ্যাডামস ঘোষণা করলেন যে বাণিজ্যিক জেলা পুনঃকল্পনা, যাতায়াতের পথ ছোট করা, এবং অন্তর্ভুক্তিকর প্রবৃদ্ধি সৃষ্টির প্রয়াস সিটির অর্থনৈতিক পুনরুদ্ধারকে গতিদান করেছে

গত ডিসেম্বর মাসে "নিউ ইয়র্ককে সকলের জন্য কার্যকর করার (Making New York Work for Everyone)" কর্মপরিকল্পনা প্রকাশ করার এক বছর পর, গভর্নর ক্যাথি হোকল এবং নিউ ইয়র্ক সিটি মেয়র এরিক অ্যাডামস আজকে একটি আরো অন্তর্ভুক্তিকর, সমৃদ্ধ "নতুন" নিউ ইয়র্ক গঠনে অগ্রগতি ঘোষণা করলেন। নিউ ইয়র্ক সিটি এবং আশেপাশের ডাউনস্টেট অঞ্চলের সমতার অর্থনৈতিক পুনরুদ্ধার এবং পুনরুত্থানের পথকে আকৃতি প্রদানে সাহায্য করতে এবং তাদের সুপারিশসমূহ প্রকাশ করার জন্য নাগরিক নেতা ও শিল্পখাতের অভিজ্ঞ ব্যক্তিদের নিয়ে গঠিত "নতুন" নিউ ইয়র্ক প্যানেল (“New” New York panel) সমবেত করার পর থেকে, স্টেট এবং সিটিতে সাবওয়ে যাত্রীসংখ্যা বৃদ্ধি পেয়ে ধারাবাহিক দিনে দিনপ্রতি 4.1 মিলিয়নের বেশি যাত্রীর নতুন রেকর্ড করেছে এবং অফিসে ফেরত যাওয়া নিউ ইয়র্কবাসীর সংখ্যা বৃদ্ধি পেয়েছে - যার উভয়ই কোভিড-19 মহামারী শুরুর পর থেকে রেকর্ড পর্যায়ের; এবং একটি প্রায় ঐতিহাসিক হারে আরো নিউ ইয়র্কবাসীকে, বিশেষ করে নিউ ইয়র্ক সিটিতে অশ্বেতাঙ্গ মানুষকে স্থানীয় অর্থনীতিতে অংশগ্রহণ করতে অনুপ্রাণিত করেছে।

"'নতুন' নিউ ইয়র্ক প্যানেলের সুপারিশসমূহ হলো আরো বলীয়ান, ন্যায্য, আরো অ্যাক্সেসিবল নিউ ইয়র্ক পেতে আমাদের রোডম্যাপ, এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য এই সুপারিশসমূহ বাস্তব করার জন্য গত এক বছর ধরে মেয়র অ্যাডামস এবং আমি হাতে হাত মিলিয়ে কাজ করেছি," **গভর্নর হোকল বলেন।** "নিউ ইয়র্কবাসীরা গর্ব করতে পারে এমন একটি ভবিষ্যৎ গঠন করার জন্য আমরা আবাসনের আরো কয়েক হাজার ইউনিট তৈরিতে দুর্দান্ত অগ্রগতি করেছি, চাইল্ডকেয়ার এবং মানসিক স্বাস্থ্যে ঐতিহাসিক বিনিয়োগ নিশ্চিত করেছি, একবিংশ শতাব্দীর চাকরি তৈরিতে দ্রুতবর্ধনশীল শিল্পখাতকে অগ্রসর করেছি, আমাদের পরিবহন ব্যবস্থাকে উন্নত করেছি ইত্যাদি। প্যানেলের সুপারিশসমূহ পূরণ করার জন্য এবং সকলের জন্য বাস্তবিকভাবে কার্যকর হবে এমন একটি নিউ ইয়র্ক গঠনের জন্য মেয়র, এবং আমাদের সকল স্থানীয়, স্টেট, এবং ফেডারেল অংশীদারদের সাথে কাজ করতে আমি প্রতিশ্রুতিবদ্ধ।"

নিউ ইয়র্ক সিটি মেয়র এরিক অ্যাডামস বলেন, "নিউ ইয়র্ক সিটি এর অর্থনৈতিক পুনরুদ্ধারকে সুপারচার্জ করেছে কারণ আমরা অতীতকে পুনরায় তৈরি করার চেষ্টা না করে

ভবিষ্যতের দিকে নজর দিয়েছি। গভর্নর হোকল এবং 'নতুন' নিউ ইয়র্ক প্যানেলের সাথে অংশীদারিত্ব করে আমরা আরো প্রাণবন্ত, অন্তর্ভুক্তিকর নিউ ইয়র্ক সিটি কেন হতে পারে তার জন্য একটি সাহসী কল্পনা করেছি, এবং নিউ ইয়র্কবাসীর জন্য সেই কল্পনাকে সত্যি করতে আমরা নিরলসভাবে কাজ করে যাচ্ছি। যদিও আমরা এক বছরে নিউ ইয়র্ক সিটির সকল অর্থনৈতিক সমস্যার সমাধান করতে পারিনি, কিন্তু আমরা একটি "নতুন" সিটির আকৃতি প্রদানের সূচনা করেছি যেখানে পুনঃকল্পিত বাণিজ্যিক জেলা, উন্নত পরিবহন বিকল্প, এবং আরো অন্তর্ভুক্তিকর সুযোগ থাকবে যা আগামী বহু দশক ধরে নিউ ইয়র্কবাসীকে লাভবান করবে।"

নিউ ইয়র্ক সিটির অর্থনৈতিক পুনরুত্থানের পথ তৈরিতে সাহায্য করার জন্য, স্টেট এবং সিটি "নতুন" নিউ ইয়র্কের কর্মপরিকল্পনার তিনটি কেন্দ্রীয় লক্ষ্য অর্জন করতে উল্লেখজনক অগ্রগতি করেছে: 1)নিউ ইয়র্কের ব্যবসায়িক জেলাসমূহের পুনঃকল্পনা, 2) নিউ ইয়র্কবাসীর জন্য কাজে যাওয়া সহজতর করা, এবং 3) অন্তর্ভুক্তিকর, ভবিষ্যৎ কেন্দ্রিক চাকরি তৈরি করা। উল্লেখযোগ্য প্রকল্পগুলোর মধ্যে রয়েছে:

নিউ ইয়র্কের ব্যবসায়িক জেলাসমূহকে প্রাণবন্ত 24/7 গন্তব্য হিসেবে পুনঃকল্পনা করা: NYC এর একক ব্যবহারের ব্যবসায়িক জেলাসমূহকে মানুষের বসবাস, কাজ, ও খেলাধুলা করার দারুণ স্থানে রূপান্তরিত করা।

- স্বল্পব্যবহৃত স্টেট জমিকে আবাসনে রূপান্তরিত করার একটি উদ্যোগে উল্লেখজনক অগ্রগতি করা হয়েছে, যার মধ্যে রয়েছে ক্রিডমুর সম্প্রদায় মূল পরিকল্পনা (Creedmoor Community Master Plan) প্রকাশ; পূর্বের লিঙ্কন সংশোধনমূলক ফ্যাসিলিটিকে (Lincoln Correctional Facility) পুনর্গঠন করার জন্য বিজয়ী প্রস্তাবনা বাছাই, এবং পূর্বের বেভিউ সংশোধনমূলক ফ্যাসিলিটি (Bayview Correctional Facility) এবং জাভিটস সেন্টারের সাইট K (Javits Center's Site K) পুনর্গঠন করার জন্য প্রস্তাবনার অনুরোধ প্রকাশ করা হয়েছে।
- 5 ওয়ার্ল্ড ট্রেড সেন্টারে (5 World Trade Center) একটি মুখ্য, মিশ্র ব্যবহারের ডেভেলপমেন্ট অগ্রসর করার একটি চুক্তি নিশ্চিত করা হয়েছে, যেখানে আনুমানিক 1,200 ইউনিট আবাসন থাকবে, যার মধ্যে এক তৃতীয়াংশ স্থায়ীভাবে সাশ্রয়ী হবে এবং এর একটি অংশ 9/11 দ্বারা প্রভাবিত নিউ ইয়র্কবাসীকে প্রদান করা হবে।
- 421-A এর মেয়াদোত্তীর্ণ হওয়ার কারণে গোওয়ানাস রিজোনিং এলাকায় বন্ধ হয়ে যাওয়া প্রকল্পসমূহ অগ্রসর করতে একটি কর্মসূচি তৈরি করা হয়েছে, যা নিউ ইয়র্কবাসীদের জন্য সাশ্রয়ী আবাসনসহ কয়েক হাজার আবাসন ইউনিট উন্মোচন করেছে।

- খালি অফিসকে আবাসনে রূপান্তরিত করতে একটি নতুন রূপান্তর ত্বরান্বিতকরণ অফিস (Office Conversions Accelerator) শুরু করা হয়েছে।
- ম্যানহাটনের ম্যাডিসন স্কয়ার এবং হেরাল্ড স্কয়ারের মধ্যে একটি প্রাণবন্ত, নতুন পাবলিক স্পেস তৈরি করতে এবং সড়কের নিরাপত্তা বৃদ্ধি করতে "ব্রডওয়ে ভিশন (Broadway Vision)" পরিকল্পনার কাজ শুরু হয়েছে এবং প্রাথমিক পর্যায়ের কাজ শেষ করা হয়েছে।
- নিউ ইয়র্কের স্থায়ী আউটডোর ডাইনিং কর্মসূচি এবং দেশের সর্ববৃহৎ আউটডোর ডাইনিং কর্মসূচি, "ডাইনিং আউট NYC (Dining Out NYC)" তৈরি করেছে।

- ম্যানহাটনের মিডটাউনে বয়িষ্ণু বাণিজ্যিক অফিস ভবনের রূপান্তরমূলক সংস্কার সমর্থন করার জন্য আর্থিক সহায়তা প্রদান করতে ম্যানহাটন বাণিজ্যিক পুনরুজ্জীবন কর্মসূচি (Manhattan Commercial Revitalization Program) শুরু করা হয়েছে।
- ফুলটন স্ট্রিট সংলগ্নে এবং ডাউনটাউন ব্রুকলিনজুড়ে প্রাণবন্ত পাবলিক স্পেস প্রদান ও সড়ক নিরাপত্তা উন্নত করার জন্য 40 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করা হয়েছে।
- সকল ব্যবসা প্রতিষ্ঠান এবং অধিকাংশ আবাসিক ভবনের জন্য বর্জ্য কন্টেইনারাইজ করা আবশ্যিক করার একটি পরিকল্পনা অগ্রসর করা হয়েছে।
- ক্ষুদ্র ব্যবসা এবং শিল্পখাতের বিকাশকে সমর্থন করার জন্য, এবং কর্মজীবী নিউ ইয়র্কবাসীর জন্য ভালো বেতনের চাকরি তৈরি করার জন্য জোনিংয়ের আধুনিকায়নে ঐতিহাসিক "সিটি অফ ইয়েস ফর ইকোনোমিক অপর্চুনিটি (City of Yes for Economic Opportunity)" জোনিং প্রস্তাবনাকে অগ্রসর করা হয়েছে।
- কম সংস্থান পাওয়া এলাকাসমূহে 100 এর বেশি পাবলিক স্পেসকে যন্ত্রাদি ও সমর্থন প্রদান করার জন্য পাবলিক রেলম সমতা পরিকল্পনা (Public Realm Equity Plan) শুরু করা হয়েছে।
- সম্পূর্ণ সিটিজুড়ে দুর্দান্ত সব পাবলিক স্পেস তৈরি করতে এবং সিটির অর্থনৈতিক পুনরুদ্ধার চালনা অব্যাহত রাখতে শহরের প্রথম প্রধান পাবলিক রেলম কর্মকর্তাকে নিয়োগদান করা হয়েছে।

নিউ ইয়র্কবাসীর জন্য কাজে যাওয়া সহজতর করা: ম্যানহাটনে যাতায়াত উন্নত করা হয়েছে এবং পাঁচটি বরোতেই চাকরির কেন্দ্র ও কর্মক্ষেত্রকে বলীয়ান করা হয়েছে যাতে মানুষ বাড়ির কাছে কাজে যেতে পারে।

- MTA কে রক্ষা করার জন্য এবং স্থিতিশীল, দীর্ঘমেয়াদি আর্থিক পরিকল্পনা নিশ্চিত করার জন্য রেকর্ড বিনিয়োগ করা হয়েছে।
- কিংসব্রিজ আর্মারি পুনর্গঠন করার জন্য এবং ব্রঙ্কসে নতুন অর্থনৈতিক সুযোগ তৈরি করার জন্য 200 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করা হয়েছে এবং সম্প্রদায়ের কল্পনা উন্মোচন করা হয়েছে।
- পুরো নিউ ইয়র্ক সিটি সাবওয়ে সিস্টেমে মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষ (Metropolitan Transportation Authority, MTA) অ্যাক্সেসিবিলিটি প্রকল্পের কাজ শেষ করার গতি ত্বরান্বিত করা হয়েছে।
- MTA এর জন্য কয়েক বিলিয়ন মার্কিন ডলার রাজস্ব আয় করতে এবং আঞ্চলিক বাতাসের মানের সার্বিক উন্নয়ন করতে নিউ ইয়র্কের দেশ সেরা জ্যামের উপর মূল্য স্থাপন কর্মসূচি অগ্রসর করা হয়েছে।
- "MTA সিটি টিকেট (MTA City Ticke)" সম্প্রসারণ করা হয়েছে যা মেট্রো নর্থ এবং লং আইল্যান্ড রেলরোড গ্রাহকদের নিউ ইয়র্ক সিটির মধ্যে যাতায়াত কার একটি কম খরচের, নির্দিষ্ট ভাড়ার যাতায়াতের ব্যবস্থা প্রদান করে।
- সিটির কার্ব স্পেস পুনঃকল্পনা করার জন্য কর্মপরিকল্পনা এবং "স্মার্ট কার্বস (Smart Curbs)" শুরু করা হয়েছে।
- 40 মাইলের বেশি নতুন সুরক্ষিত বাইক অবকাঠামো নির্মাণ করার জন্য নিউ ইয়র্ক সিটির গ্রিনওয়ে করিডোরের ঐতিহাসিক সম্প্রসারণ ঘোষণা করা হয়েছে।

- গভর্নরস আইল্যান্ডে দেশের প্রথম জলবায়ু গবেষণা, শিক্ষা, ও চাকরি কেন্দ্রের জন্য 700 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করা হয়েছে।
- পণ্যের টেকসই চলাচলের জন্য স্থানীয় ওয়াটারওয়ের বলিষ্ঠ নেটওয়ার্ক কার্যকর করার জন্য শহরের ব্লু হাইওয়েজ (Blue Highways) উদ্যোগ অগ্রসর করা হয়েছে।
- 112 বছরের মধ্যে লং আইল্যান্ড রেলরোডের সর্ববৃহৎ সম্প্রসারণের প্রতিনিধি, গ্র্যান্ড সেন্ট্রাল ম্যাডিসন (Grand Central Madison) খোলা হয়েছে।

- ডাউনটাউন ম্যানহাটন হেলিপোর্টে টেকসই পরিবহন ও ডেলিভারির জন্য এ ধরনের প্রথম একটি হাবের নতুন একটি ভিশন উন্মোচন করা হয়েছে।
- সবুজতর এবং আরো শক্তিদক্ষ ব্যবস্থা, ভবন ও পরিবহনের প্রতিবন্ধকতা অপসারণ করার মাধ্যমে জলবায়ু পদক্ষেপ, পরিচ্ছন্ন শক্তি, এবং স্থিতিস্থাপকতার ব্যবস্থা করার জন্য নিউ ইয়র্ক সিটি পরিষদের মাধ্যমে "সিটি অফ ইয়েস কার্বন নিরপেক্ষতা (City of Yes for Carbon Neutrality)" জোনিং প্রস্তাবনা অগ্রসর করা হয়েছে।
- পুরো ইস্ট নিউ ইয়র্কে প্রাণবন্ত পাবলিক স্পেস তৈরি, পরিবার টিকিয়ে রাখার চাকরি তৈরি, এবং অর্থনৈতিক বিকাশ উন্মোচন করার জন্য ব্রডওয়ে জংশন সাবওয়ে স্টেশনে ঐতিহাসিক বিনিয়োগ তৈরি করা হয়েছে।

অন্তর্ভুক্তিকর, ভবিষ্যতকেন্দ্রিক বিকাশ তৈরি করা: চাকরি ও উদ্ভাবনের বিকাশ সমর্থন করা এবং অর্থনৈতিক সচলতার প্রতিবন্ধকতা ভেঙ্গে ফেলা।

- নিউ ইয়র্কের সর্বনিম্ন বেতনে একটি ঐতিহাসিক বৃদ্ধি নিশ্চিত করা যা 2027 সালের মধ্যে নিউ ইয়র্ক সিটির সর্বনিম্ন বেতনকে ঘণ্টায় 17 মার্কিন ডলার করা হবে, এরপর সর্বনিম্ন বেতনকে মুদ্রাস্ফীতির সাথে ইনডেক্স করা হবে।
- স্টেটে প্রযোজনাকে উৎসাহিত করার জন্য অর্থবছর 2024 এর নিউ ইয়র্ক স্টেট বাজেটে নিউ ইয়র্ক ফিল্ম কর ক্রেডিটকে (New York Film Tax Credit) 700 মিলিয়ন মার্কিন ডলারে বৃদ্ধি করা হয়েছে।
- অফ-ব্রডওয়ে প্রযোজনাকে অন্তর্ভুক্ত করার জন্য অর্থবছর 2024 এর নিউ ইয়র্ক স্টেট বাজেটের অংশ হিসেবে নিউ ইয়র্ক সিটি মিউজিক্যাল ও থিয়েট্রিক্যাল কর ক্রেডিটকে (New York City Musical & Theatrical Tax Credit) সম্প্রসারিত করা হয়েছে।
- নিম্ন আয়ের নিউ ইয়র্কবাসীর জন্য কর্মক্ষেত্রে অংশগ্রহণের একটি মুখ্য প্রতিবন্ধকতাকে অপসারণ করা হয়েছে এবং কর্মীবাহিনীর প্রশিক্ষণ কর্মসূচির মাধ্যমে প্রাপকদের অর্জিত অর্থকে উপেক্ষা করার মাধ্যমে সরকারি সহায়তা "বেনিফিট ক্লিফকে" প্রশমিত করা হয়েছে।
- অর্থবছর 2024 এর নিউ ইয়র্ক স্টেট বাজেটে মেডিকেড বাই-ইন কর্মসূচি সম্প্রসারিত করার জন্য 120 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করা হয়েছে যা অর্থবছর 2025 সালে শুরু হবে যাতে করে আরো বেশি অক্ষমতাসহ নিউ ইয়র্কবাসী কাজ করতে পারে এবং তা সত্ত্বেও তাদের স্বাস্থ্যসেবার কভারেজের জন্য যোগ্য থাকতে পারে।

- নিউ ইয়র্কের সাশ্রয়ী আবাসন সঙ্কট মোকাবেলা করার জন্য সিটি ও স্টেটের মিশ্র প্রয়াসকে অগ্রসর করার জন্য বিধিমালায় স্বাক্ষর করা হয়েছে।

- নিউ ইয়র্ক সিটিতে একটি লাইফ সাইন্স ক্যারিয়ার এবং শিক্ষা কেন্দ্র তৈরি করার জন্য বিজ্ঞান পার্ক ও গবেষণা ক্যাম্পাস (Science Park and Research Campus, SPARC) প্রকল্পকে অগ্রসর করা হয়েছে।
- চ্যান জাকারবার্গ উদ্যোগের (Chan Zuckerberg Initiative) সমর্থন নিয়ে একটি নতুন বায়োমেডিকেল গবেষণা কেন্দ্র তৈরির জন্য প্রায় 300 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করা হয়েছে।
- তরুণ নিউ ইয়র্কবাসীর জন্য একটি অন্তর্ভুক্তিকর ক্যারিয়ার পথ তৈরি করার জন্য একটি 600 মিলিয়ন মার্কিন ডলারের কর্মপরিকল্পনা উন্মোচন করা হয়েছে।
- পুরো মিড হাডসন অঞ্চলে মিশ্র ব্যবহারের আবাসন ও অবকাঠামো প্রকল্পসমূহের জন্য একটি 150 মিলিয়ন মার্কিন ডলারের মিড হাডসন গতিবেগ তহবিল (Mid-Hudson Momentum Fund) শুরু করা হয়েছে।
- লাইফ সাইন্স, সবুজ অর্থনীতি, অফশোর বায়ু, এবং প্রযুক্তির মতো ভবিষ্যতকেন্দ্রিক খাতসমূহে উদ্ভাবন চালনা করার নতুন স্থানের জন্য একটি 50 মিলিয়ন মার্কিন ডলারের তহবিল তৈরি করা হয়েছে।
- বিকাশমান বায়োটেক কোম্পানিসমূহের জন্য একটি কর প্রণোদনা তৈরি করতে বিধিমালায় স্বাক্ষর করা হয়েছে।
- প্রথম চাইল্ড কেয়ার ও শৈশবের দ্রুত শিক্ষার জন্য মেয়রের অফিস (Mayor’s Office for Child Care & Early Education) তৈরি করা হয়েছে এবং নিউ ইয়র্কের চাইল্ডকেয়ার ব্যবস্থাকে আরো ন্যায্য, আরো সাশ্রয়ী, এবং আরো সহজলভ্য করার জন্য একটি পরিকল্পনার সূচনা করা হয়েছে।
- রেকর্ড সংখ্যক সাশ্রয়ী ও সমর্থক বাসা তৈরি করা হয়েছে এবং একই সাথে সর্বাধিক সংখ্যক দুর্বল নিউ ইয়র্কবাসীকে স্থায়ী আবাসনের সাথে সংযুক্ত করে দেওয়া হয়েছে।
- অতিরিক্ত 100,000 বাসা এবং 250,000 এর বেশি পরিবার টিকিয়ে রাখার চাকরি তৈরি করবে এমন "প্রত্যেক এলাকায় আরো আবাসন তৈরি" করার জোনিং প্রস্তাবনা "সিটি অফ ইয়েস ফর হাউজিং অপর্চুনিটি (City of Yes for Housing Opportunity)" উন্মোচন করা হয়েছে।
- 75 মিলিয়ন মার্কিন ডলারের "ক্ষুদ্র ব্যবসা সুযোগ তহবিল (Small Business Opportunity Fun)" শুরু করা হয়েছে, এটি সিটির ইতিহাসে ক্ষুদ্র ব্যবসার জন্য প্রদত্ত সর্ববৃহৎ সরকারি বেসরকারি ঋণ তহবিল।
- অর্থনৈতিকভাবে সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহের জন্য চাকরি তৈরি করতে শহরের সংযোগ ব্যবহার করার জন্য "কমিউনিটি নিয়োগ অফিস (Office of Community Hiring)" তৈরি করা হয়েছে।
- "পাইলট: নিউ ইয়র্ক সিটি (Pilot: New York City)" ঘোষণা করা হয়েছে যা শহুরে উদ্ভাবনের একটি বৈশ্বিক কেন্দ্র হিসেবে নিউ ইয়র্ক সিটিকে অগ্রসর করবে।
- রেকর্ড সৃষ্টিকারী 1,903টি সিটি প্রত্যয়িত সংখ্যালঘু এবং নারী মালিকানাধীন ব্যবসা এন্টারপ্রাইজের জন্য 6 বিলিয়ন মার্কিন ডলারের বেশি ঘোষণা করা হয়েছে।

2023 সালের জুন মাসে, "নতুন" নিউ ইয়র্ক প্যানেলের তৈরি পরিকল্পনা বাস্তবায়নের তত্ত্বাবধান করার জন্য বি. জে. জোন্সকে "নিউ ইয়র্ককে সকলের জন্য কার্যকর করার" সর্বপ্রথম নির্বাহী পরিচালক হিসেবে নিয়োগদান করা হয়।

নিউ ইয়র্ক স্টেট হোম এবং কমিউনিটি রিনিউয়ালের (New York State Homes and Community Renewal) কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন, "'নতুন' নিউ ইয়র্ক প্যানেলের সার্বিক পন্থা আমাদের সিটি এবং আমাদের স্টেটকে বসবাস ও কাজের জন্য আরো সাশ্রয়ী, সমতার, স্থিতিশীল, এবং টেকসই স্থানে পরিণত করার পথে স্থাপন করছে। এক বছর সময়ে গভর্নর হোকল এবং মেয়র অ্যাডামসের নেতৃত্বের কারণে, নিউ ইয়র্কবাসীর সর্বাধিক জরুরি কিছু প্রয়োজনের সমাধানের ক্ষেত্রে আমরা অতি গুরুত্বপূর্ণ অগ্রগতি দেখছি - যা ব্যক্তি ও পরিবারকে আরো সামাজিক সমর্থন প্রদান করে, কাজে যাওয়া আসা সহজতর করে, এবং পুরো সিটিতে আবাসনের সরবরাহ বৃদ্ধি করা থেকে আমাদের প্রতিরোধ করে এমন প্রতিবন্ধকতা অপসারণ করে।স্টেট, সিটি, শিল্পখাতের অভিজ্ঞ ব্যক্তি এবং অন্যান্য সম্প্রদায়ের স্টেকহোল্ডারদের মধ্যকার অংশীদারিত্বের কারণে, কোনো সন্দেহই নেই যে এই উদ্যোগটি ইতিবাচক, দীর্ঘমেয়াদি, রূপান্তরমূলক পরিবর্তন আনা অব্যাহত রাখবে।"

MTA প্রধান এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জ্যানো লিবার বলেন, "গভর্নর হোকল এবং মেয়র অ্যাডামস বুঝেছেন যে, নিউ ইয়র্কবাসীদের জন্য পরিবহন হলো পুলিশ, দমকল, এবং স্যানিটেশনের মতোই অত্যাবশ্যকীয় সেবা। 'নতুন' নি ইয়র্ক প্রতিবেদন প্রকাশ হওয়ার পর থেকে হওয়া বিশাল অগ্রগতিতে সেই উপলব্ধির প্রতিফলন রয়েছে - যাত্রীসংখ্যা বৃদ্ধি পেয়েছে, সেবা সম্প্রসারিত হয়েছে, পাঁচ বছরের ভারসাম্যপূর্ণ বাজেট হয়েছে, অ্যাক্সেসিবিলিটিতে রূপান্তরমূলক বিনিয়োগ হয়েছে, নতুন স্টেশন, এবং সিস্টেমের স্থিতিস্থাপকতা হয়েছে।"

গভর্নর হোকল এবং মেয়র অ্যাডামস 2022 সালের মে মাসে, সহপ্রধান এবং সাবেক নিউ ইয়র্ক সিটি ডেপুটি মেয়র, বর্তমান রবিন হুডের (Robin Hood) প্রধান নির্বাহী কর্মকর্তা এবং সাইডওয়াক ল্যাবের (Sidewalk Labs) সাবেক প্রধান নির্বাহী কর্মকর্তা ড্যানিয়েল ডক্টরোফকে নিয়ে "নতুন" নিউ ইয়র্ক প্যানেল শুরু করেন। নাগরিক নেতৃবৃন্দ ও শিল্পখাতের অভিজ্ঞদের এই বৃহৎ ও বৈচিত্র্যময় প্যানেলটি সিটি ও স্টেটের মধ্যকার ঐতিহাসিক জোট বন্ধনের সময় তাদের জন্য সুপারিশ তৈরি করতে ছয় মাস কাজ করেছে, যাতে তারা সমতার, অন্তর্ভুক্তিকর প্রবৃদ্ধির নতুন অধ্যায়ে দিকে সিটি ও অঞ্চলকে অগ্রসর করার জন্য একটি "নতুন" নিউ ইয়র্কের পুনঃকল্পনা করতে বিভিন্ন খাতে একে অন্যের সাথে অংশীদারিত্ব করতে পারে।

"নতুন" নিউ ইয়র্ক প্যানেলের সহপ্রধান ড্যান ডক্টরোফ বলেন, "নিউ ইয়র্কবাসীরা কোনো চ্যালেঞ্জে কখনো পিছুপা হয়না এবং বিকাশের সূচনার জন্য 'নতুন' নিউ ইয়র্ক কর্মপরিকল্পনায় রূপরেখা প্রদান করা উদ্যোগসমূহকে অগ্রসর করতে সিটি ও স্টেট অনুপ্রেরণাদায়ক অগ্রগতি করেছে, যা মানুষের জন্য তারা যেখানে যেতে চায় সেখানে যাওয়া সহজতর করে এবং বাণিজ্যিক জেলাসমূহের পুনঃকল্পনা করে। রূপান্তরকারী পরিবর্তনের এই নীলনকশা ব্যবহার করে আমাদেরকে অবশ্যই গতিবেগ গঠন অব্যাহত রাখতে হবে, আমলাতান্ত্রিক সংঘর্ষ এবং নিয়মতান্ত্রিক প্রতিবন্ধকতা নির্মূল করতে হবে। এখন প্রয়োজনীয় বিনিয়োগ করার মাধ্যমে, আমরা এমন কটি অন্তর্ভুক্তিকর অর্থনীতির বাস্তবায়ন করতে পারবো যা নিউ ইয়র্ককে বসবাস, কাজ, এবং বেড়ানোর জন্য সেরা স্থানে পরিণত করবে।"

"নতুন" নিউ ইয়র্ক প্যানেলের সহপ্রধান এবং প্রধান নির্বাহী কর্মকর্তা রবিন হুড রিচার্ড আর. বুয়েরি বলেন, ""নতুন" নিউ ইয়র্ক প্যানেলে আমার কাজের ক্ষেত্রে আমি সবথেকে বেশি যা উপভোগ করেছি তা হলো মানুষের উপর এবং নিউ ইয়র্কবাসী হিসেবে আমাদের ভবিষ্যতের উপর এর মনোযোগ। নিউ ইয়র্ককে সকলের জন্য কার্যকর করতে সবথেকে বেশি যা প্রয়োজন

তার উপর আমাদের কাজ কেন্দ্রীভূত ছিলো - আমাদের ব্যবসায়িক জেলার পুনঃকল্পনা করা, পরিবহনের উন্নতি করা, জলবায়ু পরিবর্তনের সমাধান করা, এবং আমাদের সিটিতে মানবকেন্দ্রিক উপায়ে এমনভাবে প্রবৃদ্ধির দিক স্থির করা যা সাশ্রয়ী আবাসন, উচ্চমানের, অ্যাক্সেসিবল চাইল্ডকেয়ার, প্রাণবন্ত এলাকাভিত্তিক ক্ষুদ্র ব্যবসা, এবং নিউ ইয়র্কবাসীকে বেশি বেতনের চাকরির সুযোগ প্রদানকারী কর্মীবাহিনী প্রশিক্ষণ কর্মসূচি। যেকোনো নাগরিক পরিকল্পনা অনুশীলনের সবথেকে বড় চ্যালেঞ্জ হলো এমন মানুষের প্রয়োজনের উপর মনোযোগ প্রদান করা যাদের জন্য প্রায়শই ক্ষমতার কক্ষে কোনো প্রতিনিধিত্ব থাকে না। আমি মনে করি অন্তর্ভুক্তি ও সমতার দিকে আমরা বিশাল এক ধাপ অগ্রগতি অর্জন করেছি।"

"নতুন" নিউ ইয়র্ক প্যানেলের সদস্য এবং অ্যাসোসিয়েশন ফর এ বেটার নিউ ইয়র্কের প্রধান নির্বাহী কর্মকর্তা মেলভা এম. মিলার বলেন, "নতুন" নিউ ইয়র্ক। "আমরা 'নতুন' নিউ ইয়র্ক প্যানেল সমবেত হওয়ার এক বছর পূরণ করতে যাচ্ছি, এবং সমতার অর্থনৈতিক পুনরুদ্ধার ও পুনরুত্থানের নিউ ইয়র্ক সিটির পথকে সমর্থন করার জন্য আমরা যেই দুর্দান্ত যাত্রা শুরু করেছি তার প্রতিফলন করতে পেরে আমি খুশি। 'নতুন' নিউ ইয়র্ক: নিউ ইয়র্ককে সকলের জন্য কার্যকর করার কর্মপরিকল্পনায় রূপরেখা প্রদান করা কল্পনার প্রতি আমাদের প্রতিশ্রুতি অবিচল আছে, যার ফলে গত এক বছরে উল্লেখজনক কিছু মাইলফলক অর্জিত হয়েছে। আমাদের ব্যবসায়িক জেলাসমূহকে প্রস্তাবিত আধুনিক জোনিং দ্বারা পুনঃকল্পনা করা থেকে শুরু করে ব্যবসার প্রবৃদ্ধিকে সমর্থন করা এবং ভাল চাকরি তৈরি করা সমর্থন করতে, MTAতে রেকর্ড বিনিয়োগ করে নিউ ইয়র্কবাসীর জন্য সহজে কর্মক্ষেত্রে যাতায়াত নিশ্চিত করা, নিউ ইয়র্কের সাশ্রয়ী আবাসন সংকট মোকাবেলা করার মাধ্যমে অন্তর্ভুক্তিকর, ভবিষ্যতকেন্দ্রিক বিকাশের ব্যবস্থা করা পর্যন্ত, সামগ্রিক প্রয়াসসমূহ সিটির পুনরুদ্ধারে অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। এই উদ্যোগসমূহের পক্ষে কাজ করার মাধ্যমে আমরা এখানে বাস করা সকলের জন্য বসবাস, কাজ, ও বেড়ানোর একটি সমৃদ্ধ ও অন্তর্ভুক্তিকর নিউ ইয়র্ক গঠনে নিবেদিত আছি।"

"নতুন" নিউ ইয়র্ক প্যানেল সদস্য এবং ডাউনটাউন ব্রুকলিন পার্টনারশিপের (Downtown Brooklyn Partnership) প্রেসিডেন্ট রেজিনা মায়ার বলেন, "'নতুন' নিউ ইয়র্ক প্যানেলের অর্জনসমূহ ইতিমধ্যে নিউ ইয়র্ক সিটির ব্যবসায়িক জেলাসমূহকে প্রভাবিত করেছে, যা আমাদের অর্থনৈতিক কেন্দ্রসমূহকে সকলের জন্য প্রাণবন্ত রাখা নিশ্চিত করে, এবং ডাউনটাউন ব্রুকলিন এর উজ্জ্বল উদাহরণ। আমাদের ব্যবসা প্রতিষ্ঠান, বাসিন্দা, কর্মী এবং পর্যটকদের জন্য সেরা অভিজ্ঞতা তৈরি করতে প্রতিশ্রুতিবদ্ধ একটি ব্যস্ত মিশ্র ব্যবহারের এলাকা হিসেবে, পরিকল্পনাটি এখন পর্যন্ত ফুলটন স্ট্রিটের সংলগ্নে স্ট্রিটস্কেপ উন্নয়ন, পরিবহনের উন্নয়ন, এবং পাবলিক স্পেসকে সুন্দর করার জন্য 40 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগের ঘোষণা করা হয়েছে। এই উদ্যোগে মেয়র অ্যাডামস এবং গভর্নর হোকলের নেতৃত্বের জন্য আমরা তাদের ধন্যবাদ জানাচ্ছি এবং ডাউনটাউন ব্রুকলিন ও পুরো সিটিতে এর অব্যাহত প্রভাব দেখার জন্য আমি উন্মুখ।"

"নতুন" নিউ ইয়র্ক প্যানেল সদস্য এবং গ্র্যান্ড সেন্ট্রাল পার্টনারশিপের (Grand Central Partnership) প্রধান নির্বাহী কর্মকর্তা ফ্রেড সেরুলো বলেন, "গত এক বছর ধরে, 'নতুন' নিউ ইয়র্ক প্যানেলটি নিউ ইয়র্ক সিটিকে অর্থনৈতিক পুনরুদ্ধার এবং পুনরুজ্জীবনের দ্রুত পথে নিয়ে যাওয়ার জন্য একটি উচ্চাকাঙ্ক্ষী এজেন্ডা তৈরি করেছে। যদিও আমরা এখনো বহু কঠিন

সমস্যার সম্মুখীন হচ্ছি, গুরুত্বপূর্ণ এই সরকারি বেসরকারি অংশীদারিত্বের কাজ আমাদের সিটির পুনরুত্থানের জন্য ইতিবাচক গতিবেগ সৃষ্টি করেছে।"

"নতুন" নিউ ইয়র্ক প্যানেলের সদস্য এবং ব্লকপাওয়ারের প্রধান নির্বাহী কর্মকর্তা ডোনেল বেয়ার্ড বলেন, "2022 সালে কয়েক ডজন অর্থ ও প্রযুক্তির প্রধান নির্বাহী কর্মকর্তা কীভাবে নিউ ইয়র্কের ঘুরে দাঁড়ানোকে সাহায্য করা যায় সে ব্যাপারে তাদের চিন্তার ব্যাপারে কথা বলতে গভর্নর ও মেয়রের সাথে দেখা করেন। বৈঠকের মাঝামাঝি সময়ে, সকল ব্যবসায়িক নেতৃবৃন্দ স্বস্তি লাভ করে, আমাদের সিটি এবং শহরের যে সঠিক নেতৃত্ব রয়েছে সে ব্যাপারে তাদের আস্থা অর্জন করা যায়। আমরা ভালো নেতৃত্বাধীনেই রয়েছি। গভর্নর হোকল এবং মেয়র অ্যাডামস প্রত্যেকটি কথা রেখেছেন এবং নিউ ইয়র্ককে আরো বলীয়ানভাবে ফেরত আনার জন্য প্রত্যেক প্রতিশ্রুতি পূরণ করেছেন। আর তার পরেও, তারা পরিচ্ছন্ন শক্তি নীতিমালার দিক দিয়ে নিউ ইয়র্ককে দেশ সেরা করার কাজ করে যাচ্ছেন, বর্তমানকে সুরক্ষিত রেখে ভবিষ্যতের জন্য উদ্ভাবন করছেন!"

"নতুন" নিউ ইয়র্ক প্যানেল সদস্য এবং কর্নেল টেক জ্যাকবস আরবান টেক হাবের (Cornell Tech Jacobs Urban Tech Hub) ফেলো কারা একহোম বলেন, "'নতুন' নিউ ইয়র্ক সরকার, বেসরকারি খাত, এবং নাগরিক সমাজের মধ্যে আরো বিস্তৃত সহযোগিতার একটি ভিত্তি স্থাপন করে দিয়েছে। 'নতুন' নিউ ইয়র্ক থেকে, কর্নেল টেক পাইলট; নিউ ইয়র্ক সিটি শুরু করেছে, এটি নিউ ইয়র্কের উদ্ভাবনী ইকোসিস্টেমকে বলীয়ান করতে সাহায্য করার জন্য একটি গবেষণা কর্মসূচি। পাইলট: নিউ ইয়র্ক সিটিতে অনেকগুলি অংশ রয়েছে, যেমন সংগ্রহের আধুনিকায়ন, এটি এমন একটি খাত যেখানে নিউ ইয়র্ক নেতৃত্বদান শুরু করেছে। নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষ (New York City Housing Authority, NYCHA) এর সকলের জন্য পরিচ্ছন্ন তাপ চ্যালেঞ্জের মাধ্যমে নিঃশব্দে একটি প্রযুক্তি সংগ্রহ নেতা হয়ে উঠেছে, চ্যালেঞ্জটির উদ্দেশ্য ঠাণ্ডা আবহাওয়ার হিট পাম্প বাজারকে বলীয়ান করা। সিটি হলের নেতৃত্বে, NYCHA এর শুরু করা চ্যালেঞ্জভিত্তিক সংগ্রহ মডেলকে অন্যান্য নিউ ইয়র্ক সিটি এজেন্সিতে বিস্তৃত করা দেখতে আমরা উৎসুক।"

"নতুন" নিউ ইয়র্ক প্যানেল সদস্য এবং নিউ ইয়র্ক ইউনিভার্সিটিতে (New York University) শহুরে নীতিমালা ও পরিকল্পনার অধ্যাপক মিচেল এল. মস বলেন, ""নতুন" নিউ ইয়র্ক প্রতিবেদনকে বাস্তব করতে গভর্নর হোকল, মেয়র অ্যাডামস এবং তাদের নেতৃত্বের দলগুলি দারুণ কাজ করছে। নিউ ইয়র্ক সিটির জীবনীশক্তি আরো আবাসন, ভালো চরকি এবং পরিবহনের উন্নয়নের উপর নির্ভর করে এবং সেজন্য আমাদের সিটির এজেন্সিগুলি এখন ঠিক তাই করছে।"

"নতুন" নিউ ইয়র্ক প্যানেল সদস্য এবং HR&A সিনিয়র উপদেষ্টা কার্ল ওয়েইসব্রড বলেন, "প্রথম বছরেই "নতুন" নিউ ইয়র্ক যে অগ্রগতি করেছে তা দারুণ। দ্বিতীয় বছরের জন্য আরো অগ্রগতি হবে বলে আশা করছি!"

"নতুন" নিউ ইয়র্ক প্যানেল সদস্য ভিক্টর ক্যালিস বলেন, "কর্মক্ষেত্রে অ্যাক্সেসিবিলিটি এবং অন্তর্ভুক্তি কেন্দ্র এবং ত্বরান্বিত MTA অ্যাক্সেসিবিলিটির কারণে, নিউ ইয়র্কের অক্ষম সম্প্রদায়ের কাছে এখন আরো মর্যাদাপূর্ণ উপায়ে সত্যিকারের চাকরি এবং অ্যাক্সেসিবল গণপরিবহন

পাওয়ার সুযোগ থাকবে।" 'নতুন' নিউ ইয়র্কের কার্যকর প্রয়াসসমূহ প্রায় 1 মিলিয়ন অক্ষম ব্যক্তিদের জীবন উন্নত করবে, এবং এর অংশ হতে পেরে আমি গর্বিত।

"নতুন" নিউ ইয়র্ক প্যানেলের সদস্য এবং জেনারেশন সিটিজেনের (Generation Citizen) মিড-আটলান্টিক নির্বাহী পরিচালক খিন মাই অং বলেন, "সকল বরো এবং খাতে অন্তর্ভুক্তির উদ্দেশ্যে, এবং সেই সাথে আমাদের জনসংখ্যার বৈচিত্র্যময় অংশসমূহের প্রয়োজনের ক্ষেত্রে 'নতুন' নিউ অর্ক প্যানেলের অংশ হতে পেরে এবং আমাদের পরিশ্রমের ফলাফল দেখতে পেরে আমি আনন্দিত। বিশেষ করে, উচ্চমানের শৈশবের শুরুতেই শিক্ষা এবং চাইল্ডকেয়ার পাওয়ার সমান সুযোগ সম্প্রসারণ, ফিউচাররেডিNYC এর মাধ্যমে প্রযুক্তি খাতে ক্যারিয়ার পাইপলাইন গঠন, এবং আমাদের সিটিতে রেকর্ড পরিমাণ সাশ্রয়ী বাসা তৈরি করাকে পরিকল্পনা যেই অগ্রাধিকার প্রদান করেছে তার দ্বারা আমি উৎসাহ পেয়ে থাকি।"

রিজিয়নাল প্ল্যান অ্যাসোসিয়েশনের (Regional Plan Association) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা টম রাইট বলেন, "'নতুন' নিউ ইয়র্কের সুপারিশসমূহের বাস্তবায়ন বাস্তব অগ্রগতি করছে, যার মধ্যে রয়েছে সিটি অফ ইয়েস হাউজিং অপর্চুনিটি, একটি স্থায়ী উন্মুক্ত রেস্টুরেন্ট কর্মসূচি, MTA এর অর্থায়ন এবং জ্যামের মূল্য স্থাপন বাস্তবায়ন, এবং অন্যান্য গুরুত্বপূর্ণ উদ্যোগ। আরো সমৃদ্ধ এবং সমতার একটি নিউ ইয়র্ক সিটি ও অঞ্চল তৈরির জন্য এইসব উচ্চাকাঙ্ক্ষী প্রয়াস অত্যাবশ্যকীয়। যদিও অনেক কাজ বাকি আছে, কিন্তু বাস্তবায়নের জন্য বহু নিরেট পদক্ষেপ গৃহীত হতে দেখে RPA খুশি এবং সেগুলি সম্পূর্ণ হতে দেখার জন্য অ্যাডামস প্রশাসনের সাথে অংশীদারিত্ব অব্যাহত রাখতে পেরে আমরা গর্বিত। এইসব অতি প্রয়োজনীয় কর্মসূচি দ্রুত অগ্রসর করার জন্য মেয়র অ্যাডামস, গভর্নর হোকল এবং তাদের দলকে অভিনন্দন।"

নিউ ইয়র্ক রিয়েল এস্টেট বোর্ডের (Real Estate Board of New York) প্রেসিডেন্ট জেমস হুইলান বলেন, "সিটির অর্থনৈতিক পুনরুদ্ধার অব্যাহত রাখার জন্য আমাদের ব্যবসায়িক জেলাসমূহ পুনঃকল্পনা করা, আমাদের প্রয়োজন অবকাঠামোকে জোরদার করা এবং আমাদের আবাসন সরবরাহ সঙ্কটের রূপ পরিবর্তনের জন্য নীতিমালার উপর চলমান মনোযোগ প্রয়োজন। 'নতুন' নিউ ইয়র্ক প্যানেলের কাজ সেই পুনরুদ্ধার অব্যাহত রাখার জন্য একটি রোডম্যাপ প্রদান করেছে।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন